




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
ডামুড্যা, শরীয়তপুর।  
dae.damudya.shariatpur.gov.bd



## চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক সহায়তা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতিঃ কৃষিবিদ মোতালেব হোসেন  
উপজেলা কৃষি অফিসার  
ডামুড্যা, শরীয়তপুর।  
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

স্থানঃ উপজেলা কৃষি অফিসারের সম্মেলন কক্ষ, ডামুড্যা, শরীয়তপুর।

বিষয়ঃ জনাব প্রনয় রায়, উপসহকারী কৃষি কর্মকর্তা, ডামুড্যা, শরীয়তপুর এর একমাত্র ছোট ভাই (বয়স-১৩) এর চিকিৎসার জন্য দোয়া ও আর্থিক সহযোগীতা প্রসঙ্গে।

অদ্য ০২/১২/২০২৫ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা কৃষি অফিসারের সম্মেলন কক্ষে উপজেলা কৃষি অফিসার, কৃষিবিদ জনাব মোতালেব হোসেন মহোদয়ের সভাপতিত্বে অত্র দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিতিতে এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, জনাব প্রনয় রায়, উপসহকারী কৃষি কর্মকর্তা, ডামুড্যা-এর একমাত্র ছোট ভাই (বয়স-১৩) এর মস্তিষ্কের বিকলাঙ্গ রোগে আক্রান্ত। বাংলাদেশের বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার দেখানো হয়েছে কিন্তু তার অবস্থার কোন উন্নতি হয়নি। ডাক্তারদের পরামর্শে বিগত ১৩/০৩/২০২৫ খ্রিঃ তারিখে ভারতের খ্রিস্টান মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে চিকিৎসা করানো হয়। ডাক্তার বলেছেন তাকে অপারেশন করা লাগবে। এতে তার প্রায় ৪০০০০০ (চার লক্ষ) টাকা ব্যয় হবে। এখন পর্যন্ত তার ভাইয়ের চিকিৎসায় প্রায় ৭৫০০০০ (সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা খরচ হয়েছে। এখন তার পরিবারের পক্ষে ছোট ভাইয়ের চিকিৎসার ব্যয় বহন করা সম্ভব হচ্ছে না। পরবর্তী চিকিৎসা করানোর জন্য প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা করা সাধ্যের বাহিরে হয়ে পড়েছে বিধায় তার ছোট ভাই এর চিকিৎসা করার জন্য আর্থিক সাহায্যের আবেদন করেছেন। সভাপতি মহোদয় দোয়া ও আর্থিক সাহায্যের জন্য অত্র দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট বিনীত অনুরোধ করেন। জনাব প্রনয় রায়, উপসহকারী কৃষি কর্মকর্তা, ডামুড্যা এর মানবিক সাহায্যের আবেদনখানা পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সকল উপপরিচালকের কার্যালয় ও উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সহযোগীতা পাঠানোর ঠিকানাঃ

প্রনয় রায়

হিসাব নং-৬১০৩৬০১০১১১১৩

সোনালী ব্যাংক লিঃ

বৌলতলী শাখা, গোপালগঞ্জ সদর।

নগদ নম্বরঃ ০১৩২৭৯৩৯৩০০ (পার্সোনাল)

বিকাশ নম্বরঃ ০১৮২৫৯২১৫৩২ (পার্সোনাল)

স্মারক নং-১২.১৭.৮৬২৫.০৪১.৯৯.০০১.২৫- ৫৩২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপিঃ

১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি,-----

২। উপজেলা কৃষি অফিসার,-----,-----

৩। অফিস নথি, অত্র দপ্তর।

Motaleb  
02/12/25

(মোতালেব হোসেন)

উপজেলা কৃষি অফিসার

ডামুড্যা, শরীয়তপুর।

তারিখঃ ০২/১২/২০২৫ খ্রিঃ

Motaleb  
02/12/25

(মোতালেব হোসেন)

উপজেলা কৃষি অফিসার

ডামুড্যা, শরীয়তপুর।